

## যঙ্গফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১১৮১

১/ বিবিধ

আরবী

إِنْ فِي جَهَنَّمْ وَادِيَا يُقَالُ لَهُ: هَبْهَبٌ، حَقًا عَلَى اللَّهِ أَنْ يُسْكِنَهُ كُلُّ جَبَارٍ عَنِيدٍ

ضعيف

رواه العقيلي في "الضعفاء" (49) وابن لال في "حديثه" (123/1) وابن عدي في "الكامل" (1/420) والحاكم (4/596) وابن عساكر (1/58) وكذا أبو يعلى والطبراني من طريق الأزهر بن سنان عن محمد بن واسع عن أبي بردة بن أبي موسى الأشعري عن أبيه مرفوعا. وقال الحاكم ووافقه الذهبي: "تفرد به أزهر بن سنان

قلت: وهو ضعيف كما قال الحافظ في "التقريب"، ولذلك لم يصححه الحاكم ولا الذهبي، بل أورده في "الميزان" وقال "قال ابن عدي: ليست أحاديثه بالمنكرة جدا، أرجوأنه لا بأس به، وقال ابن معين: ليس بشيء

ثم ساق له أحاديث مما أنكرت عليه هذا أحدها

وقد خالفه هشام بن حسان فقال: "عن محمد بن واسع قال: بلغني أن في النار جبار يقال له: جب الحزن، يؤخذ المتكبرون فيحملون في توابيت من نار فيجعلون في ذلك البئر فيطبق عليهم جهنم من فوقهم

أخرجه العقيلي وقال: وهذا حديث أولى من حديث أزهر

قلت: فتبين من روایة هشام بن حسان - وهو ثقة - أن أزهر بن سنان قد أخطأ في

رفع الحديث وفي لفظه، وأن الصواب الوقف. والله أعلم  
 ومن ذلك تعرف أن قول المنذري في "الترغيب" (3/139)  
 "رواه الطبراني بإسناد حسن وأبو يعلى والحاكم وقال: صحيح الإسناد  
 وقول الهيثمي (5/197)  
 رواه الطبراني في "الأوسط"، وإسناده حسن  
 فيه أمران  
 الأول: أنه ضعيف غير حسن كما تقدم  
 والآخر: أن الحاكم - مع تساهلاته المعروفة - لم يصححه. والله أعلم

বাংলা

১১৮১। জাহান্নামের একটি উপত্যকা রয়েছে তাকে বলা হয়: হাবহাব। আল্লাহর কর্তব্য হচ্ছে এই যে, তিনি তাতে প্রত্যেক একগুঁয়ে অত্যাচারী শাসককে সেখানে স্থান দিবেন।

হাদীসটি দুর্বল।

হাদীসটি ওকায়লী “আয়যুয়াফা” গ্রন্থে (৪৯), ইবনু লাল তার “হাদীস” গ্রন্থে (১/১২৩), ইবনু আদী “আল-কামেল” গ্রন্থে (১/৪২০), হাকিম (৪/৫৯৬), ইবনু আসাকির (৫/৫৮/১), আবু ইয়ালা ও ত্বারানী আযহার ইবনু সিনান সূত্রে মুহাম্মাদ ইবনু আসে' হতে, তিনি আবু বুরদাহ ইবনু আবু মুসা হতে ... মারফু' হিসেবে বর্ণনা করেছেন।

হাকিম ও হাফিয় যাহাবী বলেনঃ আযহার ইবনু সিনান এককভাবে হাদীসটি বর্ণনা করেছেন।

আমি (আলবানী) বলছিঃ তিনি দুর্বল। যেমনটি হাফিয় ইবনু হাজার “আত-তাকরীব” গ্রন্থে বলেছেন। এ কারণেই হাকিম ও হাফিয় যাহাবী হাদীসটিকে সহীহ আখ্যা দেননি। বরং হাফিয় যাহাবী “আল-মীয়ান” গ্রন্থে উল্লেখ করে বলেছেনঃ ইবনু আদী বলেনঃ তার হাদীসগুলো খুব বেশী মুনকার নয়। আশা করি তার ব্যাপারে কোন সমস্যা নেই। ইবনু আদী বলেনঃ তিনি কিছুই না। অতঃপর তিনি তার কতিপয় মুনকার হাদীস উল্লেখ করেছেন, এটি সেগুলোর একটি।

আযহার ইবনু সিনান হাদীসটি মারফু' হিসেবে বর্ণনা করে ভুল করেছেন। সঠিক হচ্ছে হাদীসটি মওকুফ।

মুনয়েরী যে “আত-তারগীব” গ্রন্থে (৩/১৩৯) বলেছেনঃ ত্বারানী হাসান সনদে বর্ণনা করেছেন এবং আবু ইয়ালা ও হাকিম বর্ণনা করে বলেছেন যে, হাদীসটির সনদটি সহীহ তা সঠিক নয়। অনুরূপভাবে হায়সামী (৫/১৯৭) যে বলেছেনঃ ত্বারানীর সনদটি হাসান, দুটি কারণে তা সঠিক নয়ঃ

- ১। সনদটি দুর্বল, হাসান নয়।
- ২। হাকিম শিথিলতা প্রদর্শনকারী হওয়া সত্ত্বেও তিনি হাদীসটিকে সহীহ আখ্যা দেননি।

হাদিসের মান: যঙ্গেফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72060>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন